গাংনীতে লকডাউন বাস্তবায়নে মাঠে নেমেছেন এমপি সাহিদুজ্জামান

আমরা মুসলিম, রমজান মাস আমাদের উৎসবের মাস। আমরা বাঙ্গালী ,বৈশাখ আমাদের উৎসব। কিন্তু সর্বনাশা করোনা ভাইরাস সব উৎসবের আমেজ মলিন করেছে। সারা বিশ্বের ন্যায় করোনা ভাইরাস বাংলাদেশে মারাত্নক আঘাত হেনেছে। মৃত্যুর মিছিলের পরিধি কমাতে সরকার দ্বিতীয় বারের জন্য কঠোর লক ডাউনের ঘোষনা করেছেনে। আজ বুধবার লকডাউনের প্রথাম দিন। এই দেশ আমার ,এই শরীর আমার, এই পরিবার আমার। আমার পরিবার ও পরিবেশকে রক্ষা করার দায়িত্ব আমার। স্বাস্থ্য সুরক্ষা মেনে চলার দায়িত্ব নাগরিক হিসেবে সব দায়িত্ব আপনার। আপনি,আমি নাগরিক হিসেবে দেশের জন্য রাষ্ট্রের জন্য পরিবারের জন্য গুরুত্বপুর্ন ও মুল্যবান একজন ব্যক্তি। আপনি হারালে ক্ষতিগ্রস্থ হবে আপনার পরিবার, ক্ষতিগ্রস্থ হবে আমার দেশ। আপনার দ্বারা প্রতিমুহুর্ত আপনার মেধা,আপনার বুদ্ধি,আপনার পরামর্শ,আপনার শ্রম দেশকে সমৃদ্ধ করছে । মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন সাংবাদিকদের সামনে এসব কথা বলেন। বুধবার দুপুরে গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় লকডাউন পরিস্থিতি পরিদর্শন করেন এমপি। দেশবাসীসহ গাংনী উপজেলা সকল মানুষকে সরকারের বিধি নিষেধ মেনে লকডাউন বাস্তবায়ন করার আহবান করেন মেহেরপুর -২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। তিনি বলেন, লকডাউনে যে সকল শ্রমজীবী মানুষ ক্ষতিগ্রস্থ হবে সরকারী ভাবে তাদের সাহায্য সহযোগীতা করা হবে। সরকারের এই মানুষ বাঁচাও সিদ্ধান্তকে জনগন পুর্ণ সমর্থন দিয়ে মেহেরপুর জেলার মানুষ ঘরে বসে আছে। অন্যহীণ মানুষকে আমরা অন্য তুলে দিতে চাই। গত লকডাউনে সরকারি ভাবে দেশের সকল মানুষকে খাবার দিয়ে সহযোগীতা করেছি। একটি মানুষকে না খেয়ে থাকতে হয়নি বলেও জানান এমপি। বুধবার সকাল থেকে বিকেল পর্যন্ত গাংনী থানা পুলিশের সাথে গাংনী বাজারে অবস্থান করেন এবং আগামী দিনেও যে কোনো পরিস্থিতি মোকাবেলায় নেতাকর্মী নিয়ে সকলের পাশে থাকার প্রত্যয়ব্যক্ত করেন এমপি সাহিদুজ্জামান খোকন । ১৪ এপ্রিল থেকে ২১ এপ্রিল পর্যন্ত লকডাউন মেনে চলার আহবান করেন তিনি।

লকডাউনের প্রথম দিন সব রেকর্ড ভেঙ্গে ৯৬ জনের মৃত্যু

সর্বাত্মক লকডাউনের প্রথম দিন গত ২৪ ঘণ্টায় ৯৬ জনের মৃত্যু হয়েছে।এর আগে দেশে সর্বোচ্চ ৮৩ জনের মৃত্যু হয়েছিল।

বুধবার স্বাস্থ্য অধিদপ্তরের প্রেস বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানা গেছে।

বিস্তারিত আসছে..

গাংনীতে লকডাউন কার্যকারিতায় মাঠে রয়েছে পুলিশ

গাংনীতে লক ডাউন কার্যকর করতে মাঠে রয়েছে গাংনী থানা পুলিশের একটি টীম। বুধবার সকাল থেকে গাংনী থানার ওসি বজলুর রহমান ও তদন্ত ওসি সাজেদুল ইসলামসহ সঙ্গীয় ফোর্স নিয়ে গাংনী বাজার বাস ষ্ট্যান্ডে অবস্থান করেন। এসময় পথচারীসহ বিভিন্ন ব্যাবসায়ীদের লকডাউন মেনে চলার পরামর্শদেন। গাংনী উপজেলার বামুন্দি বাজার সহ আসপাশের হাটবাজারেও স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য বিভিন্ন ভাবে প্রচারাভিযান চালায় পুলিশ। লকডাউনের প্রথম দিন সকাল থেকেই গাংনী বাজারের নিত্যপ্রয়োজীয় জিনিসের দোকান,ফার্মেসী ব্যতিত বন্ধ ছিল। গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম বলেন, শুধুমাত্র গাংনী বাজারেই নয় আগামীকাল থেকে গ্রামাঞ্চলেও লকডাউনের কার্যকারিতা নিয়ে কঠোর হবে পুলিশ।
সকল ধরনের যানবাহন বদ্ধ লক্ষ্য করা গেছে। আগামী দিনগুলি লকডাউনের নির্দেশনা মেনে চলার পরামর্শ দেন তদন্ত ওসি সাজেদুল ইসলাম।

গাংনী থানার ওসি বজলুর রহমান বলেন, জীবন থাকলেই জীবিকা। করোনার মহামারিতে আপনি ও আনার পরিবার আক্রান্ত হলে পরিবারের কি হবে তা বিবেচনা করে চলাফেরা করবেন। আপনি সুরক্ষিত থেকে আপনার পরিবারকে সুরক্ষিত রাখবেন । শুধু পুলিশই নয় লকডাউনের কার্যকারিতা সকলের সহয়োগীতা কামনা করেন তিনি।
১৪ এপ্রিল সকাল থেকে ২১ তারিখ পর্যন্ত লকডাউন ঘোষনা করে সরকার। করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণে অন্যান্য বারের ছাড়াও এবার কঠোর হতে নির্দেশনা দেয়া হয়। করোনা পরিস্থিতি নিত্য প্রয়োজনীয় দোকান ও ফার্মেসী ব্যতীত সকল ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ রাখার নির্দেশনা দিয়ে এবার লকডাউন ঘোষনা করা হয়।

করোনায় আরেক নক্ষত্রের পতন, চলে গেলেন শামসুজ্জামান খান

কোভিড-১৯ মহামারিতে আরও এক নক্ষত্রের পতন হয়েছে। করোনাভাইরাসে আক্রান্ত হয়ে না ফেরার দেশে চলে গেছেন বাংলা একাডেমির সভাপতি অধ্যাপক শামসুজ্জামান খান।

করোনা পজিটিভ হওয়ার পর বেশ কিছুদিন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন তিনি।

বুধবার দুপুর আড়াইটার দিকে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন বলে জানিয়েছেন বাংলা একাডেমির সচিব এ. এইচ এম লোকমান।

বাংলা একাডেমির সভাপতি অধ্যাপক শামসুজ্জামান খানের বয়স হয়েছিল ৮০ বছর। তিনি স্বাধীনতা পদক পদক ও একুশে পদকে ভূষিত।

লকডাউনে কঠোর অবস্থানে নাটোর জেলা পুলিশ

করোনাভাইরাসের সংক্রমণ রোধে আজ বুধবার ভোর ৬টা থেকে আটদিনের কঠোর লকডাউন বিধিনিষেধ শুরু হয়েছে। আগামী ২১ এপ্রিল মধ্যরাত পর্যন্ত এই বিধিনিষেধ বহাল থাকবে। এ বছরের দ্বিতীয় ধাপে লকডাউন বাস্তবায়নে কঠোর অবস্থান নিয়েছে নাটোর জেলা পুলিশ। বুধবার সকাল ছয়টা থেকে জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে অবস্থান নিয়ে যান চলাচল এবং জনগণের চলাচল সীমিত করতে দেখা গেছে। সরকারি বিধিনিষেধ মেনে বন্ধ রয়েছে দোকানপাট।

এছাড়াও নাটোর শহর সহ বিভিন্ন উপজেলায় পুলিশ তাদের টহল জোরদার রেখেছে বলে খবর পাওয়া গেছে। সকাল ৯ টা থেকে এই কর্মসূচি বাস্তবায়ন করতে মনিটরিংয়ে নেমেছেন পুলিশ সুপার লিটন কুমার সাহা সহ পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা বৃন্দ। এবারে করোনার দ্বিতীয় ঢেউ মোকাবেলায় সরকারি নির্দেশনা মোতাবেক নাটোর কে সর্বাত্মকভাবে করোনা ভাইরাস নিয়ন্ত্রণে রাখার জন্য সরকারি নির্দেশনা পুরোপুরি বাস্তবায়ন করতে নির্ধারিত সময় পর্যন্ত মাঠে থাকবে পুলিশ, বলে জানান পুলিশ সুপার লিটন কুমার সাহা।

মেহেরপুরে কঠোর লকডাউন

মেহেরপুর জেলায় কঠোর লকডাউন চলছে। যানবাহন, দোকানপাট, সরকারি ও বেসরকারি অফিসের কার্যক্রম বন্ধ রয়েছে। লকডাউনের নিষেধাজ্ঞা বাস্তবায়ন করছে জেলা পুলিশের বিভিন্ন দল।
গেল কয়েকদিন ঢিলেঢালা লকডাউনে জেলায় বাস চলাচল বন্ধ থাকলেও অন্য সব কিছুই ছিল স্বাভাবিক। সর্বাত্মক লকাডাউন ঘোষণার পর আজ সকাল থেকে পাল্টে গেছে সে চিত্র। মেহেরপুর জেলা শহর, উপজেলা শহর, গুরুত্বপূর্ণ সড়ক ও স্থানগুলোতে পুলিশ প্রহরা বসানো হয়েছে। মূলত পুলিশের তৎপরতার ফলেই সর্বাত্মক লকডাউন পালন হচ্ছে মেহেরপুর জেলায়।

শহর ও গ্রামের বাজারগুলোতে নিত্যপণ্য, কাঁচা পণ্য ছাড়া অন্য কোন দোকানপাট খোলা হয়নি। সড়কগুলোতে জরুরী প্রয়োজনে ঘর থেকে বের হওয়া মানুষের বাহন হিসেবে পাখিভ্যান এবং পণ্য বহনের যানবাহন ছাড়া অন্য কোন যানবাহন চলাচল করছে না। সরকারি বেসরকারি অফিস বন্ধ রয়েছে। নিত্যপণ্যের দোকান ও কিছু হোটেল খোলা থাকলেও ক্রেতার উপস্থিতি খুবই কম।
মেহেরপুর পুলিশ সুপার এসএম মুরাদ আলি বলেন, সরকারি নির্দেশনা বাস্তবায়নে আইজিপি মহোদায় আমাদেরকে নির্দেশনা দিয়েছেন। লকডাউন বাস্তবায়নে আগামি ২১ এপ্রিল পর্যন্ত মাঠে কঠোর অবস্থানে থাকবে পুলিশ।

মেহেরপুরে করোনায় আরও এক জনের মৃত্যু, আক্রান্ত ৩ জন

মেহেরপুরে প্রাণঘাতী করোনো ভাইরাসে আক্রান্ত হয়ে মোমেজান নেছা
(৭০) নামের আরো এক জনের মৃত্যু হয়েছে।

তিনি মেহেরপুর জেলার গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামের বাসিন্দা। তিনি কুষ্টিয়া সরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরণ করেন। এ নিয়ে জেলায় মৃত্যুর সংখ্যা দাড়ালো ১৮ জনে।

এ দিকে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ৩ জন। এ নিয়ে জেলায় মোট করোনা রোগী দাঁড়াল ১৪ মার্চ ২০২১ থেকে আজ পর্যন্ত আক্রান্তের সংখ্যা ১০৯ জন। এ পর্যন্ত সর্বমোট পজিটিভ ৮৭৯ টি।

আজ মঙ্গলবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন জানান, ফলাফল এসেছে ২৩ টি। এর মধ্যে নতুন করে ৩ জন (সদরে- ২, গাংনীতে- ১) করোনা রোগী শনাক্ত হয়েছে। নমুনা পাঠানো হয়েছে ২২ টি।

এ নিয়ে মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে পজিটিভ সংখ্যা ৫৭(সদরে- ২৮, গাংনীতে- ২১, মুজিবনগরে- ৮) জন।

এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৬৩৪৫ টি। মৃত্যু- ১৮ জন (সদর- ৯, গাংনী- ৭, মুজিবনগর- ২), সুস্থ্য- ৭৩৯ জন, ট্রান্সফার্ড- ৬৩ জন।

ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় মেহেরপুর শহরের বড়বাজারের নাজিমন নেছা (৮০), ২ নম্বর ওয়ার্ডের মারুফুজ্জামান (৪০) ও গাংনী উপজেলা হাড়াভাঙার গ্রামের মহিবুল (৬৪)।

সবাইকে সামাজিক দূরত্ব মেনে নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখাসহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে চলা এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন।

এক দিনের জন্য ব্যাংক লেনদেনের সময় বাড়ল

সর্বাত্মক লকডাউনের আগের দিন মঙ্গলবার ব্যাংক লেনদেনের সময় বাড়িয়েছে বাংলাদেশ ব্যাংক। সকাল ১০টা থেকে বেলা ৩টা পর্যন্ত ব্যাংকের লেনদেন চালু থাকবে। এছাড়া ব্যাংক খোলা থাকবে বিকাল ৫টা পর্যন্ত।

লকডাউনে ব্যাংক বন্ধ থাকবে। তাই লকডাউনের আগের দিন ব্যাংকে গ্রাহকদের চাপ সামলাতে সোমবার রাতে এ উদ্যোগ নেওয়া হয়েছে।

করোনাভাইরাস সংক্রমণ বেড়ে যাওয়ায় পরিস্থিতি সামাল দিতে বুধবার থেকে এক সপ্তাহ কঠোর বিধিনিষেধ আরোপ করেছে সরকার।

তার সঙ্গে মিল রেখে ১৪ থেকে ২১ এপ্রিল বাংলাদেশের সমস্ত তফসিলি ব্যাংক বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ ব্যাংক। তবে চালু থাকবে এটিএম এবং ইন্টারনেটের এর মাধ্যমে লেনদেন।

তারাবি ও মসজিদে জামাত নিয়ে ধর্ম মন্ত্রণালয়ের নতুন নির্দেশনা

আসন্ন রমজানে দেশের সব মসজিদে তারাবির নামাজসহ পাঁচ ওয়াক্ত নামাজ চালু থাকবে। ইমাম, মুয়াজ্জিন, হাফেজসহ সর্বমোট ২০ জন মুসল্লি এতে অংশ নেবেন।

সোমবার সন্ধ্যায় ধর্ম মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। করোনা পরিস্থিতির উন্নতি না হওয়ায় এমন সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানানো হয় এতে।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার মোহাম্মদ আনোয়ার হোসাইন প্রেরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, করোনা সংক্রমণ পরিস্থিতিতে তারাবির নামাজে খতিব, ইমাম, হাফেজ, মুয়াজ্জিন ও খাদেমসহ সর্বোচ্চ ২০ জন মুসল্লি অংশগ্রহণ করবেন।

মসজিদে পাঁচ ওয়াক্ত নামাজের প্রতি ওয়াক্তেও সর্বোচ্চ ২০ জন মুসল্লি অংশগ্রহণ করতে পারবে। এছাড়া জুমার নামাজে সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে অংশগ্রহণ করতে হবে।

এর সঙ্গে ইতিপূর্বে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের জারিকৃত মসজিদে জুমা ও জামাত বিষয়ক নির্দেশনা কার্যকর থাকবে। এছাড়া রমজান মাসে ইফতার মাহফিলের নানে কোন ধরনের অনুষ্ঠানের আয়োজন করা যাবেনা।

করোনাভাইরাস নিয়ন্ত্রণে আগামী ১৪ এপ্রিল থেকে সারা দেশে সাত দিনের ‘কঠোর লকডাউন’ শুরু হচ্ছে। লকডাউনের পর দিন থেকে মুসলমানদের সিয়াম সাধনার মাস রমজান শুরু হবে।

করোনার সংক্রমণ প্রতিরোধে দ্বিতীয় দফায় সোমবার মন্ত্রিপরিষদ বিভাগ যে প্রজ্ঞাপন জারি করেছে, তাতে ১৩ দফা নির্দেশনা দেওয়া হয়েছে।

সেখানে জুমা ও তারাবি নামাজের বিষয়ে বলা হয়েছে— স্বাস্থ্যবিধি

অনুসরণ করে জুমা ও তারাবি নামাজের জমায়েত বিষয়ে ধর্মবিষয়ক মন্ত্রণালয় নির্দেশনা জারি করবে।

এর আলোকেই ধর্মবিষয়ক মন্ত্রণালয় এ নির্দেশনা জারি করে।

লকডাউনে চলবে ৮টি পণ্যপরিবহন ট্রেন

করোনাভাইরাস সংক্রমণ ঠেকাতে ‘সর্বাত্মক লকডাউন’ চলছে। লকডাউনের ভেতরে ৮টি পণ্যপরিবহন ট্রেন চলবে বলে জানিয়েছেন রেলপথ মন্ত্রী নুরুল ইসলাম সুজন।

মঙ্গলবার রেল ভবনে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি।

করোনা সংক্রমণ নিয়ন্ত্রণে কাল (বুধবার) ভোর ৬টা থেকে ২১ এপ্রিল মধ্যরাত পর্যন্ত স্বাভাবিক জীবনযাত্রায় ১৩ দফা কঠোর বিধিনিষেধ আরোপ করা হয়েছে। এই আট দিন গণপরিবহন-বাস, ট্রেন, লঞ্চ, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বিমান চলাচল বন্ধ থাকবে। সব সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস এবং আর্থিক প্রতিষ্ঠানও বন্ধ থাকবে। তবে কর্মকর্তা-কর্মচারীদের নিজ নিজ কর্মস্থলে (কর্ম এলাকা) থাকতে হবে।

শপিংমল ও অন্যান্য দোকানপাটও বন্ধ থাকবে। তবে নির্দিষ্ট সময় খোলা থাকবে কাঁচাবাজার ও নিত্যপণ্যের দোকান। অতি জরুরি প্রয়োজন ছাড়া কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। তবে এই সময়ের মধ্যে শিল্পকারখানাগুলো স্বাস্থ্যবিধি অনুসরণ করে নিজস্ব ব্যবস্থাপনায় চালু থাকবে। শ্রমিকদের নিজ নিজ প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব পরিবহণ ব্যবস্থাপনায় আনা-নেওয়া নিশ্চিত করতে হবে। কৃষিশ্রমিক পরিবহণ ও গণমাধ্যমসহ সব ধরনের জরুরি পরিষেবা চালু থাকবে।

করোনা মহামারি প্রতিরোধে উল্লিখিত বিষয়সহ ১৩ দফা বিধিনিষেধ আরোপ করে সোমবার অফিস আদেশ জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ।